যুগান্তর

তারিখ 14 NOV 2015
পৃষ্ঠা ৩৭ কলাম ৪

# গফরগাঁওয়ে এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়

**গফরগাঁও প্রতিনিধি**

উপজেলায় এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ পাওয়া গেছে। সরকার নির্ধারিত বোর্ড ফির চেয়ে অতিরিক্ত ফি আদায় করায় বিপাকে পড়েছেন শিক্ষার্থীরা। বোর্ডের আদেশ নির্দেশনাকে কোনো তোয়াক্কা না করে গফরগাঁও উপজেলা মাধ্যমিক ও দাখিল শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানরা ম্যানেজিং কমিটির সদস্যদের সঙ্গে যোগসাজশে ২০১৬ সালের অনুষ্ঠিতব্য এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় করছে। ঢাকা শিক্ষাবোর্ড সূত্রে জানা যায়, বিষয় ফি ৮৪০ টাকা, ব্যবহারিক ফি ১৫০, মার্কসিট ফি ৩৫, সনদ ফি ১০০, শিক্ষা সপ্তাহ ফি ৫ টাকা কেন্দ্র ফি ৩০০ টাকাসহ মোট ১ হাজার ৪৩০ টাকা ও মাদ্রাসা (বোর্ড) ১ হাজার ৬০০ টাকা নির্ধারিত ফি হলেও আদায় করা হচ্ছে ৩ থেকে ৪ হাজার টাকা করে। খোঁজ নিয়ে জানা যায়, উপজেলার বারবাড়িয়া উচ্চ বিদ্যালয়ের এসএসসি ফরম পূরণে মানবিক বিভাগের ৪ হাজার ৩শ' এবং বিজ্ঞান বিভাগে ৪ হাজার ৫শ' টাকা আদায় করা হচ্ছে। বিদ্যালয়ের মানবিক বিভাগে পরীক্ষার্থী মাহফিজা জানান, পরীক্ষার ফরম পূরণ বাবদ প্রধান শিক্ষক তার কাছ থেকে ৪ হাজার ৪শ' টাকা নিয়েছে। টাকা কম নেয়ার জন্য প্রধান শিক্ষককে অনেক অনুরোধ। কিন্তু স্যার (প্রধান শিক্ষক) টাকা কম নেয়নি। টাকা কম দিলে ফরম পূরণ করতে দেবে না বলে স্যার জানান। একই অভিযোগ উপজেলার পাঁচবাগ বালিকা উচ্চ বিদ্যালয় ও পাঁচবাগ বালক উচ্চ বিদ্যালয়সহ প্রায় সব কয়টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও মাদ্রাসা সুপারদের বিরুদ্ধে। শিক্ষাপ্রতিষ্ঠানে প্রধানরা ফরম পূরণ করতে আসা শিক্ষার্থীদের হাতে ১০-১২টি খাত দেখিয়ে টাকা আদায় করছেন বলে অভিযোগ করেছে শিক্ষার্থীরা। শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট নয় এমন খাতও তালিকায় জুড়ে দেয়া হচ্ছে ফির নামে টাকা আদায়ের স্বার্থে। স্কুল ও মাদ্রাসার পরীক্ষার্থীরা জানান, ফরম পূরণের ফি আদায়ের ক্ষেত্রে প্রধান শিক্ষকদের খাত হিসেবে তাদের তালিকায় আছে, বোর্ড ফি, টিফিন ফি, বিদ্যুৎ বিল, মসজিদ চাঁদা, শিক্ষক কল্যাণ ফি, মডেল টেস্ট ফি, মিলাদ ফি, কেন্দ্র ফি, কোচিং ফি, চতুর্থ শ্রেণীর কর্মচারী ফি, ডিসেম্বর মাস পযন্ত বেতন ফি। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বেলাল হোসেন বলেন, ফরম পূরণের অতিরিক্ত ফি নেয়ার বিষয়টি এটা বোর্ড কর্তৃপক্ষ দেখবে।